

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bppa.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০০৫.২২-১৯৭


তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: বিআইডব্লিউটিসি কর্তৃক আহবানকৃত জ্বালানী তেল পরিবহনের জন্য e-GP টেন্ডারে Works বা অন্য কোন প্রক্রিয়া বিবেচনা করে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা প্রসংগে।

সূত্র: বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন এর স্মারক নং ১৮.১২.০০০০.০২৩.৩৩.০০৩.২৩.৬০; তারিখ: ২২/০৯/২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে উল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ২(৬), ২(১৬) এবং ২(২৬) এ ক্রয়ের ধরণ (Procurement Category) হিসেবে যথাক্রমে “কার্য”, “পণ্য” ও “ভৌতসেবা”কে সংজ্ঞায়িত করা হয়েছে। উপর্যুক্ত সংজ্ঞাসমূহের আলোকে বিবেচ্য পত্রে উল্লিখিত জ্বালানী তেল পরিবহন-সংশ্লিষ্ট ক্রয় কার্যটি ভৌত সেবা ক্যাটাগরির অন্তর্ভুক্ত হবে। উক্তরূপ কোন ক্রয় কার্য সম্পাদনের ক্ষেত্রে ক্রয়কারী ভৌত সেবা সংশ্লিষ্ট আদর্শ দরপত্র দলিল (PSN) অনুসরণপূর্বক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪(১২) এর বিধানমতে দরপত্র দলিল প্রণয়ন করে ক্রয় প্রক্রিয়াকরণ করবে। ইজিপি পোর্টালে বর্তমানে বর্ণিত আদর্শ দরপত্র দলিলটি সংযোজিত না থাকায় ক্রয়কারী কর্তৃক অফ-লাইনে ক্রয় প্রক্রিয়াকরণের সুযোগ রয়েছে। দরপত্র মূল্যায়নকেন্দ্রিক কোন নির্দিষ্ট বিষয়কে (যেমন অভ্যন্তরীণ উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে কার্য ক্রয়ে $\pm 10\%$ মূল্যসীমা আরোপ) বিবেচনায় নিয়ে ক্রয় কার্যের ধরণ নির্ধারণ ক্রয় আইন ও বিধিসম্মত নয়।

০২। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে প্রেরিত তথ্যের ভিত্তিতে প্রদত্ত এ মতামত শুধুমাত্র বিবেচ্য বিষয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে।


২০/১২/২০২৪
(শাহ ইয়ামিন-উল ইসলাম)
পরিচালক (উপসচিব)
ফোনঃ ০২-৪৮১১৯২৯৯

চেয়ারম্যান

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন
ফেয়ারলী হাউস, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ
বাংলামটর, শাহবাগ, ঢাকা-১০০০।

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ

- ১। সচিবের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অফিস কপি।